অসংকোচ প্রকাশের দুরন্ত সাহস
সমকাল

তারিখঃ ১৭-১১-২০২৩ (পৃঃ ০৬)

# ব্রির নবান্ন উৎসবে নতুন ধানের পিঠা পায়েসে আপ্যায়ন

■ গাজীপুর প্রতিনিধি

নানা আয়োজনে নবান্ন উৎসব উদযাপন করেছে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি)। গতকাল বৃহস্পতিবার গাজীপুরের জয়দেবপুরে ছিল এ আয়োজন। উৎসব উপলক্ষে প্রতিষ্ঠানের প্রশাসনিক ভবনের সামনে থেকে বের হয় এক বর্ণাঢ্য শোভাযাত্রা। বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে শোভাযাত্রাটি।

শোভাযাত্রার আগে অনুষ্ঠিত হয় আলোচনা পর্ব। পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আব্দুল লতিফ এতে সভাপতিত্ব করেন। নবান্ন বিষয়ে আলোচনায় অংশ নেন পরিচালক (গবেষণা) ড. মোহাম্মদ খালেকুজ্জামান, ব্রি মহিলা সমিতির সভানেত্রী মুনিরা জান্নাত, ড. মুন্নুজান খানম, ড. আমিনা খাতুন প্রমুখ।

শোভাযাত্রা শেষে অতিথিরা কুয়াশাভেজা মাঠে পাকা ধান কাটার উৎসবে অংশ নেন। পরে সেখানে অতিথিদের নতুন ধানের পিঠা ও পায়েস দিয়ে আপ্যায়ন করা হয়।

সমকাল